দৈনিক সংবাদ

তারিখ ... 06 JUN 1993

পৃঃ ... ৫ ... কলাম ... ৪ ...

95

শিক্ষার পরিবেশ নেই ॥ পারিবারিক অসচ্ছলতা

# বগুড়ায় পাঁচ লাখ শিশু স্কুলে যায় না

বগুড়া, ৫ই জুন (জেলা বার্তা পরিবেশক)।- প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষার পরিবেশ না থাকায় এবং পারিবারিক অসচ্ছলতার কারণে পরিবার-প্রধানরা শিশুদের কর্মক্ষেত্রে পাঠিয়ে রোজগারের ব্যাপারে উৎসাহী হওয়ার কারণে সুযোগ থাকার পরেও বগুড়ায় প্রায় ৫ লাখ শিশু স্কুলে যাচ্ছে না।

সরকারী পরিসংখ্যানে দেখা যায়, ১৯৮৮ সালে জেলায় প্রাথমিক স্কুলে শিক্ষা গ্রহণে সক্ষম এমন শিশুর সংখ্যা ছিল ৩ লাখ ৭৮ হাজার ৪শ' ৩৪ জন। সুযোগ থাকার পরেও সে বছর স্কুলে যেতো না প্রায় ১ লাখ ২ হাজার ৩শ' ৪৫ জন। সে বছর স্কুলে যেত ২ লাখ ৭৬ হাজার ৮৯ জন। ১৯৮৯ সালে জেলায় প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা গ্রহণের জন্য যেত পারত এমন শিশু বা বালক-বালিকার সংখ্যা ছিল ৩ লাখ ৭৬ হাজার ৫৬ জন। সুযোগ থাকার পরেও সে বছর স্কুলে যায়নি ৮৮ হাজার ৪শ' ১৯ জন। সে বছর স্কুলে গিয়েছিল ২ লাখ ৮৭ হাজার ৬শ' ৩৭ জন।

১৯৯০ সালে জেলায় বিদ্যালয়ে গমনোপযোগী শিশু বা বালক-বালিকার সংখ্যা ছিল ৩ লাখ ৭৪ হাজার ৫শ' ৭০ জন। সে বছর স্কুলে যায়নি এমন শিশুর সংখ্যা ছিল ১ লাখ ৯শ' ৭২ জন। এ বছর স্কুলে গিয়েছিল এমন শিশু বা বালক-বালিকার সংখ্যা ছিল ২ লাখ ৩৭ হাজার ৫শ' ৯৮ জন। ১৯৯১ সালে জেলায় শিক্ষাগ্রহণের জন্য বিদ্যালয়ে যেতে পারত এমন শিশু বা বালক-বালিকার সংখ্যা ছিল ৩ লাখ ৮০ হাজার ৪শ' ৫৮ জন। সে বছর স্কুলে যায়নি ৯৯ হাজার ৯শ' ২৭ জন শিশু বা বালক-বালিকা। ঐ বছর স্কুলে গিয়েছিল ২ লাখ ৮০ হাজার ৫শ' ৩১ জন।

গত বছর অর্থাৎ ১৯৯২ সালে জেলায় বিদ্যালয়ে শিক্ষা গ্রহণের জন্য যেতে পারত এমন শিশু বা বালক-বালিকার সংখ্যা ছিল ৩ লাখ ৯২ হাজার ৫শ' ৪৬ জন। সে বছর স্কুলে যায়নি ১ লাখ ৭ হাজার ৪০ জন। শিক্ষা গ্রহণের জন্য সে বছর স্কুলে গিয়েছিল ২ লাখ ৯১ হাজার ৮শ' ৬ জন। এ বছরও অনেক ছাত্র-ছাত্রী সুযোগ থাকার পরেও স্কুলে যায়নি বলে সংশ্লিষ্ট দপ্তর থেকে জানা গেছে।

যেসব শিশু বা বালক-বালিকা সুযোগ থাকার পরেও স্কুলে যায় না বা পরিবার-প্রধানদের চাপের মুখে রোজগারের জন্য কর্মক্ষেত্রে যায় তাদের অধিকাংশের বয়সই ৬ থেকে ১০ বছরের মধ্যে।